Bangla

NSW Department of Education

# শিশু নির্যাতনের ঘটনা, প্রকাশ এবং সন্দেহের প্রতিক্রিয়া

আর্লি চাইল্ডহুড এডুকেশন এন্ড কেয়ার এবং আউটসাইড স্কুল আওয়ারস কেয়ার (ECEC) সার্ভিসের একজন স্টাফ সদস্য(কর্মী) হিসাবে, আপনি যদি উদ্বিগ্ন হন বা আপনার সন্দেহ হয়ে থাকে যে একজন শিশুর নির্যাতন, ক্ষতি বা অবহেলার অথবা খারপ আচরনের ঝুঁকিতে আছে, তবে আপনার অবশ্যই কারও সাথে (এ ব্যাপারে)কথা বলতে হবে। আপনি যদি বিশ্বাস করেন যে একটি শিশু ঝুঁকিতে আছে , যদিও নির্যাতনের কোন ঘটনা আপনি না দেখে থাকেন, তাও আপনাকে অবশ্যই রিপোর্ট করতে হবে।

আপনার পরিষেবা নীতি এবং পদ্ধতির সাথে একত্রে এই তথ্য-পত্রটিকে একটি নির্দেশিকা (Guide) হিসাবে ব্যবহার করা উচিত।

## ১ জরুরী পরিস্থিতিতে সাড়া দিন

**যদি তাৎক্ষনিকভাবে ক্ষতির কোন ঝুঁকি না থাকে, তাহলে অ্যাকশন -২ অনুসরন করুন।**

আপনি যদি উদ্বিগ্ন হন যে একটি শিশুর স্বাস্থ্য অথবা নিরাপত্তা হুমকির সন্মুখীন, তাহলে জরুরী চিকিৎসা সেবা বা পুলিশি সহায়তার **জন্য ০০০ এ ফোন করুন।** নিশ্চিত করুন যে শিশুটি নিরাপদ বোধ করছে এবং জরুরী পরিষেবা কর্তৃপক্ষের পরামর্শ অনুসরণ করুন।

## ২ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করুন।

স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত উদ্বেগগুলো সমাধানের সাথে সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অবিলম্বে আপনাকে অবশ্যই সমস্ত ঘটনা, অভিযোগ এবং নালিশ রিপোর্ট করতে হবে। লাঞ্ছনা অথবা শিশু যৌন নির্যাতনের ঘটনা রিপোর্ট/প্রতিবেদন করতে ব্যর্থ হলে ক্রাইম অ্যাক্ট ১৯০০ অনুযায়ী ফৌজধারী অপরাধ হতে পারে। পরিস্থিতি অনুযায়ী, যেখানে নির্যাতনের ঘটনাটি সংঘটিত হয়েছে তার উপর নির্ভর করে রিপোর্টের/বিবরণের প্রয়োজনীয়তা পরিবর্তিত হতে পারে।

### একটি ECEC পরিষেবা

**ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাছে রিপোর্ট**

আপনাকে অবশ্যই আপনার অনুমোদিত কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করতে হবে।

**নিউ সাউথ ওয়েলস পুলিশ**

লাঞ্ছনা অথবা যৌন নির্যাতনসহ আপনাকে অবশ্যই শিশু নির্যাতনের সকল ঘটনা (অভিযুক্ত বা প্রত্যক্ষদর্শী) রিপোর্ট করতে হবে।

**নিউ সাউথ ওয়েলস কমিউনিটিস এবং জাস্টিস (চাইল্ড প্রোটেকশন হেল্প লাইন)**

একজন বাধ্যতামূলক রিপোর্টকারী হিসাবে* কোন শিশু যদি মারাত্বক ক্ষতির ঝুঁকিতে আছে বলে মনে করা হয় তাহলে আপনাকে অবশ্যই রিপোর্ট করতে হবে – reporter.childstory.nsw.gov.au/

**নিউ সাউথ ওয়েলস ডিপার্টমেন্ট অফ এডুকেশন**

পরিষেবাগুলোকে অবশ্যই NQA ITS** এর মাধ্যমে acecqa.gov.au/national-quality-agenda-it-system এ ঘটনা, অভিযোগ এবং লাঞ্ছনা রিপোর্ট করতে হবে। পরিষেবাগুলো দ্যা নাশনাল ডিসিশন ট্রি acecqa.gov.au/notify ব্যবহার করে একটি নোটিশের প্রয়োজন কি না এবং সেই নোটিশটি কোন সময়সীমার মধ্যে করা উচিত তা নির্ধারণে সহায়তা করতে পারে।

**নিউ সাউথ ওয়েলস অফিস অফ দ্যা চিলড্রেনস গার্ডিয়ান (রিপোর্টেবল কন্ডাক্ট স্কিম)**

কোন রিপোর্টযোগ্য অভিযোগ বা দোষী প্রমানিত হওয়ার ঘটনায় কোন স্টাফ সদস্য (কর্মী), স্বেচ্ছাসেবক বা কন্ট্রাক্টর জড়িত থাকলে তা ৭ কর্ম দিবসের মধ্যে রিপোর্ট করতে হবে।

### বাড়ীতে বা কমিউনিটিতে

**নিউ সাউথ ওয়েলস পুলিশ**

তারা যদি জানে, বিশ্বাস করে, অথবা যুক্তসংগতভাবে আপনার জানা থাকা উচিত যে একটি শিশু শারীরিক বা যৌন নির্যাতনের শিকার হয়েছে (গ্রুমিং সহ) {Note: the grooming of children for illicit means} নিউ সাউথ ওয়েলস এর সকল প্রাপ্তবয়স্কদের এই জাতীয় তথ্য দিয়ে নিউ সাউথ ওয়েলস পুলিশের কাছে রিপোর্ট করতে হবে।

**নিউ সাউথ ওয়েলস কমিউনিটিস এবং জাস্টিস (চাইল্ড প্রোটেকশন হেল্প লাইন)**

একজন বাধ্যতামূলক রিপোর্টকারী* হিসাবে কোন শিশু যদি মারাত্বক ক্ষতির ঝুঁকিতে আছে বলে মনে করা হয় তাহলে আপনাকে অবশ্যই রিপোর্ট করতে হবে।

**ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাছে রিপোর্ট**

একটি শিশু যদি আপনি যে ECEC পরিষেবায় কাজ করেন, সেখানে উপস্থিত থাকে, তাহলে আপনাকে অবশ্যই আপনার অনুমোদিত কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করতে হবে, যাতে আপনার পরিষেবা প্রয়োজন অনুযায়ী যে কোন ধরনের প্রয়োজনীয় ব্যবস্থা বা প্রাসঙ্গিক সহায়তা বিবেচনা করত পারে।

* নিউ সাউথ ওয়েলস চাইল্ড প্রোটেশন ল অনুযায়ী আর্লি চাইল্ডহুড এডুকেশন এন্ড কেয়ার এবং স্কুলের সময়ের বাইরে পরিষেবাগুলোতে কর্মরত শিক্ষকগন (Educators) 'অত্যাবশ্যক রিপোর্টার'। একটি শিশুর নিরাপত্তা, কল্যাণ বা সুস্থতার বিষয়ে যখন তারা উদ্বিগ্ন হন তাহলে 'অত্যাবশ্যকীয় রিপোর্টার' দের অবশ্যই রিপোর্ট করতে হবে। যখন তারা একটি শিশুর ব্যাপারে উদ্বিগ্ন হন তখন প্রতিটি ঘটনায় তাদের দ্যা ম্যান্ডটরি রিপোর্টার গাইড ব্যবহার করা উচিত হবে, যদিও প্রতিটি পরিস্থিতির আলাদা বৈশিষ্ট রয়েছে।

**মোবাইল এবং কেয়ার সার্ভিস বিভাগসমূহের নোটিফিকেশন ফরম (departments notification forms) ব্যবহার করা উচিত।

## ৩ পিতামাতা বা কেয়ারারদের সাথে যোগাযোগ

পিতামাতা/কেয়ারারদের সাথে যোগাযোগ করে কোন ধরনের তথ্য এবং কখন শেয়ার করা যেতে পারে তা জানার ব্যাপারে সর্বদাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে কথা বলুন, কারন এটি চলমান তদন্তকে প্রভাবিত করতে পারে।

আপনাতে হয়তো পরামর্শ দেওয়া হতে পারে:

- পিতামাতা/কেয়ারারদের সাথে যোগাযোগ না করার জন্য (উদাহরনস্বরুপ, যেখানে তারা এই নিয়তনের সাথে জড়িত বলে অভিযোগ করা হয়েছে); অথবা
- পিতামাতা/কেয়ারারদের সাথে যোগাযোগ করে যত তাড়াতাড়ি সম্ভব একমত হওয়া তথ্য প্রদান করা।

## ৪ চলমান সহায়তা প্রদান

এই জাতীয় ঘটনার পর শিশুদের,পরিবারদের জন্য প্রায়ই সহায়তার প্রয়োজন হয়।

এই সহায়তার মধ্যে কাউন্সেলিং, কমিউনিটিতে পরিষেবাগুলো পাওয়ার জন্য সহায়তা প্রদান, এবং আরও তথ্য পাওয়ার ব্যবস্থা করা।

বিদ্যমান কিছু কাউন্সেলিং এবং সহায়তা সংস্থাসমুহের সম্পর্কে তথ্য পাওয়ার জন্য QR কোড স্ক্যান করুন।

## ৫ ডিব্রিফ এবং সংকটপূর্ণ প্রতিক্রিয়া

প্রতিটি গুরুতর ঘটনার পর আলোচনা করে আপনাকে আপনার কর্মীদের সহায়তা প্রদান নিশ্চিত করতে হবে।

ঘটনার ব্যক্তিগত তথ্যাদি ও গোপনীয়তার সন্মান রক্ষা করে এমন একটি পদ্ধতিতে আলোচনার পরিপ্রেক্ষিতে নীতির পরিবর্তন, পদ্ধতি, এবং বাস্তবায়ন ও ঝুঁকি মুল্যায়নের পরিবর্তনের জন্য প্রয়োজনীয় সুপারিশ করা হয়।

## যোগাযোগ

**নিউ সাউথ ওয়েলস পুলিশ**

- জরুরী প্রয়োজনে ট্রিপল জিরো (০০০) এ যোগাযোগ করুন।
- যদি জরুরী না হয় তবে স্থানীয় পুলিশ স্টেশনে ফোন করে বা হাজির হয়ে রিপোর্ট করতে পারেন।
- সাধারন তথ্যের জন্য পুলিশ সহায়তা লাইন ১৩১ ৪৪৪এ কল করতে পারেন।
- আপনি যদি নিশ্চিত না হন যে এটি ফৌজধারী অপরাধের বিষয় কি না, তাহলে আপনার সুপারভাইজারের সাথে কথা বলুন. যদি সন্দেহ থাকে তবে স্থানীয় পুলিশকে বিষয়টি জানান।

**নিউ সাউথ ওয়েলস কমিউনিটিস এবং জাস্টিস (চাইল্ড প্রোটেকশন)**

- reporter.childstory.nsw.gov.au/s/mrg এ নিউ সাইথ ওয়েলস ম্যান্ডটরি গাইড ব্যবহার করুন।
- চাইল্ড প্রোটেকশন হেল্প লাইন ১৩২ ১১১ এ ফোন করুন।

**নিউ সাউথ ওয়েলস ডিপার্টমেন্ট অব এডুকেশন**

- acecqa.gov.au/national-quality-agenda-it-system এ রিপোর্ট করুন।
- আপনি নিশ্চিত না হলে ১৮০০ ৬১৯ ১১৩ এ কল করুন বা ececd@det.nsw.edu.au ই- মেইল করুন।

**নিউ সাউথ ওয়েলস অফিস অফ দ্যা চিলড্রেনস গার্ডিয়ান (রিপোর্টেবল কন্ডাক্ট স্কিম)**

- (০২) ৮২১৯ ৩৮০০ এ ফোন করুন অথবা reportableconduct@kidsguardian.nsw.gov.au এ ইমেল করুন।

পাদটিকা: এই লেখাগুলো ভিক্টোরিয়ান ডিপার্টমেন্ট অফ এডুকেশন এ্যান্ড ট্রেনিং দ্বারা তৈরী চার ক্রিটিক্যাল অ্যাকশন রিসোর্স থেকে নেওয়া হয়েছে।